

# শিশুদের ছাড় এর অংশগ্রহণকারী: অধিকার ও দায়িত্বসমূহ

এই নথিটি যন্ত্র সহকারে পড়ুন। এগুলি হল শিশুদের ছাড় (Children's Waiver) এর অংশগ্রহণকারী হিসেবে **আপনার অধিকার**। এগুলি হল গৃহ ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবা (Home and Community Based Services, HCBS) এবং পরিচর্যা ব্যবস্থাপনা পরিষেবা (Care Management Services) পাওয়ার ক্ষেত্রে আপনার **দায়িত্বসমূহ**।

## গুরুত্বপূর্ণ তথ্য

- আপনার কেয়ার ম্যানেজার আপনার প্রতি তাদের ভূমিকা ব্যাখ্যা করবেন এবং আপনাকে শিশুদের ছাড় এর যোগ্যতা নির্ধারণ ও নথিভুক্তির প্রক্রিয়ার পথনির্দেশ দেবেন।
- আপনার কেয়ার ম্যানেজার প্রতি মাসে আপনার সঙ্গে দেখা করবেন। আপনার চাহিদা অনুসারে এই বৈঠকটি সশরীরে বা ফোন মারফৎ হবে।
- ছাড় পরিষেবা -তে নথিভুক্ত থাকতে আপনার একটি মাসিক HCBS পাওয়া আবশ্যিক।

## অংশগ্রহণকারীর/পরিবারের দায়িত্বসমূহ

- নীচের বর্ণনা অনুসারে আপনার অধিকারগুলি জানুন।
- আপনি যে যে পরিষেবার যোগ্য সেগুলির সম্পর্কে জানুন।
- নির্ধারিত যাবতীয় সাক্ষাতে উপস্থিত থাকুন। আপনি কোনও সাক্ষাতে উপস্থিত হতে না পারলে অথবা দেহী হওয়ার অবস্থায় থাকলে যত শীঘ্র সম্ভব তা আপনার প্রদানকারীকে জানান।
- আপনার জীবনের যে কোনও পরিবর্তন সম্পর্কে সঠিক, আপডেট করা তথ্য প্রদান করুন।
- বছরে একবার অথবা আপনার জীবনে কোনও বড়সড় পরিবর্তন ঘটলে HCBS যোগ্যতা মূল্যায়নে অংশ নিন।
- একটি পরিচর্যা পরিকল্পনা তৈরি করার সক্রিয় অংশীদার হোন এবং আপনার চাহিদা পূরণ করে এমন পরিষেবা বেছে নিতে সাহায্য করুন – এবং প্ল্যানের মধ্যে আপনার অংশটি নিয়ে লেগে থাকুন।
- আপনার কেয়ার ম্যানেজারের প্রতি আপনার প্রদানকারীদের সঙ্গে কাজ করার লিখিত সম্মতি দিন।
- আপনি বুঝতে না পারলে বা আপনার সহায়তার প্রয়োজন হলে সাহায্য চান।

এখানে আপনার প্রধান হেলথ হোম যোগাযোগের তথ্য

খুঁজে নিন:

[https://www.health.ny.gov/health\\_care/medicaid/program/medicaid\\_health\\_homes/hh\\_map/index.htm](https://www.health.ny.gov/health_care/medicaid/program/medicaid_health_homes/hh_map/index.htm)

## আপনার বেছে নেওয়ার স্বাধীনতা রয়েছে

আপনার কেয়ার ম্যানেজারের আপনাকে আপনার পরিচর্যার বিকল্পগুলি সম্পর্কে তথ্য দেওয়া আবশ্যিক।

- আপনার কাছে HCBS এর অথবা কোনও হাসপাতাল, আবাসিক কেন্দ্র বা কোনও নার্সিং হোমের মতো কোনও প্রতিষ্ঠানের বিকল্প রয়েছে।
- আপনি কোনও প্রতিষ্ঠান বেছে নিলে আপনি HCBS পাবেন না।
- আপনি HCBS বেছে নিলে আপনার কোনও হেলথ হোম অথবা শিশু ও যুব মূল্যায়ন পরিষেবা (Children and Youth Evaluation Services, C-YES) এর মাধ্যমে পরিচর্যা ব্যবস্থাপনা পাওয়া আবশ্যিক।
  - একটি হেলথ হোম সর্বাঙ্গীণ পরিচর্যা ব্যবস্থাপনা প্রদান করবে এবং আপনার যাবতীয় পরিষেবার সঙ্গে কাজ করবে
  - C-YES আপনাকে কেবলমাত্র HCBS শিশুদের ছাড় পরিষেবা পরিচালনায় সাহায্য করবে
- আপনি হেলথ হোম বেছে নিলে আপনার কাছে নিজের এলাকায় হেলথ হোমের/পরিচর্যা ব্যবস্থাপনা সংস্থার মধ্যে বেছে নেওয়ার বিকল্প থাকবে।
- আপনি নিজের পরিষেবা প্রদানকারী(দের) বেছে নিতে পারেন। আপনার কেয়ার ম্যানেজার আপনাকে আপনার এলাকার পরিষেবা প্রদানকারীদের একটি তালিকা দেবেন। আপনার কেয়ার ম্যানেজার আপনাকে আপনার চাহিদাগুলি সবচেয়ে ভালোভাবে পূরণ করার মতো প্রদানকারী(দের) বেছে নিতে সাহায্য করবেন।
- আপনি ভিন্ন সংস্থার বা একই সংস্থার থেকে পরিষেবা ও পরিচর্যা ব্যবস্থাপনা পেতে পারেন। আপনি একটির বেশি পরিষেবা পেলে আপনি সবকটি পরিষেবার জন্য একই প্রদানকারীর সঙ্গে কাজ করতে পারেন অথবা প্রতিটি পরিষেবার জন্য ভিন্ন প্রদানকারী বেছে নিতে পারেন। আপনি একাধিক পরিষেবা দেওয়ার জন্য একই সংস্থাকে বেছে নিলে এই বিষয় সম্বন্ধে সাবধান থাকুন যে সংস্থাটির আপনার সেবা স্বার্থে কাজ করা, স্বার্থের সংঘাত না থাকা এবং আপনাকে পরিষেবা ও পরিষেবা প্রদানকারীদের বেছে নেওয়ার সুযোগ দেওয়া আবশ্যিক।
- আপনাকে এমন কেয়ার ম্যানেজার ও পরিষেবা প্রদানকারী(দের) বেছে নিতে হবে যারা আপনার জন্য সবচেয়ে ভালোভাবে কাজ করবেন।

আপনার কেয়ার ম্যানেজার আপনার বিকল্পগুলি ব্যাখ্যা করবেন এবং আপনার সঙ্গে **পছন্দের স্বাধীনতার ফর্ম (Freedom of Choice Form)** পর্যালোচনা করবেন। আপনাকে নিজের পছন্দ নিশ্চিত করতে এই ফর্মটিতে স্বাক্ষর করতে বলা হবে।

আপনার হাতে আপনি যে পরিষেবা পাবেন তার সম্পর্কে  
আপনার নিজের সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রয়েছে

## আপনার একটি অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে

আপনার নিজের পরিষেবা বা প্রদানকারীদের যে কোনোটির সম্পর্কে কোনও অভিযোগ থাকলে আপনি এখানে যোগাযোগ করতে পারেন:

- আপনার HCBS প্রদানকারী
- আপনার প্রধান হেলথ হোম
- C-YES
- আপনার Medicaid পরিচালিত যত্ন পরিকল্পনা
- NYS স্বাস্থ্য পরিচালিত যত্ন বিভাগ (NYS Department of Health Managed Care) অভিযোগের লাইনে **1-800-206-8125** নম্বরে অথবা
- অনলাইনে [managedcarecomplaint@health.ny.gov](mailto:managedcarecomplaint@health.ny.gov)

আপনার কেয়ার ম্যানেজার বা Medicaid পরিচালিত যত্ন পরিকল্পনা আপনাকে বলে দেবেন যে কীভাবে অভিযোগ দায়ের করতে হবে। আপনি মৌখিকভাবে বা লিখিতভাবে অভিযোগ দায়ের করতে পারেন। আপনি একটি অভিযোগ দায়ের করা সত্ত্বেও আপনার একটি ন্যায্য শুনানির অধিকার থাকবে।

## আপনার নির্যাতনের রিপোর্ট করার অধিকার রয়েছে

আপনি কোনও শিশুর/তরুণের উপর নির্যাতনের বা তার সঙ্গে দুর্ব্যবহারের সন্দেহ করলে অনুগ্রহ করে তা **সেন্ট্রাল রেজিস্টার অব চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্ট হটলাইন (New York State Central Register of Child Abuse and Maltreatment Hotline)-এ 1-800-342-3720** নম্বরে রিপোর্ট করুন। হটলাইনটি দিনে **24-ঘণ্টা** খোলা থাকে। অফিস অব চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services) এর ওয়েবসাইটে এখানে আরও তথ্য রয়েছে: <https://ocfs.ny.gov/ohrd/ccg/>। আপৎকালীন পরিস্থিতিতে, 911 নম্বরে বা আপনার স্থানীয় পুলিশকে ফোন করুন।

## আপনার একটি পরামর্শসভার অনুরোধ করার অধিকার রয়েছে

আপনি আপনার শিশুদের ছাড় এর যোগ্যতা ও ভর্তি হওয়া সম্পর্কে একটি লিখিত সিদ্ধান্তের বিজ্ঞপ্তি (Notice of Decision, NOD) পাবেন। আপনি একটি NOD পেলে ও সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে আপনি একটি পরামর্শসভা চাইতে পারেন। NOD এর পৃষ্ঠা 1-এ একটি পরামর্শসভা চাওয়ার ফোন নম্বর দেওয়া হবে। আপনি একটি পরামর্শসভার অনুরোধ করতে চাইলে আপনাকে যত শীঘ্র সম্ভব এবং **60 দিনের** মধ্যে তা করতে হবে। পরামর্শসভা চলাকালীন আপনি সিদ্ধান্তের পর্যালোচনা করতে আপনার পরিচর্যা দলের সঙ্গে দেখা করবেন। সিদ্ধান্তের বদল হলে আপনি একটি লিখিত বিজ্ঞপ্তি পাবেন। আপনি একটি পরামর্শসভা চাওয়া সত্ত্বেও আপনার একটি ন্যায্য শুনানির অধিকার থাকবে।

কোনও প্রদানকারী আপনার পরিষেবা বদলে দিলে ও  
আপনি সেই বদলে সম্মত না হলে অথবা আপনি  
আপনার পরিষেবা প্রদানকারীকে নিয়ে সন্তুষ্ট না হলে  
আপনি সেই সমস্যার নিষ্পত্তি করতে আপনার কেয়ার  
ম্যানেজারের সঙ্গে কাজ করতে পারেন।

## আপনার একটি ন্যায্য শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে

আপনি একটি সিদ্ধান্তের বিজ্ঞপ্তি (Notice of Decision, NOD) পেলে এবং আপনি সেই সিদ্ধান্তের সঙ্গে একমত না হলে আপনি একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন। একটি ন্যায্য শুনানি হল আপনার বিচারককে বলার সুযোগ যে কেন আপনি সিদ্ধান্তের সঙ্গে একমত নন। আপনি অভিযোগ দায়ের না করে থাকলেও আপনি একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন।

একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে আপনার হাতে NOD এর তারিখ থেকে **60 দিন** রয়েছে। ন্যায্য শুনানির জন্য অপেক্ষাকালে পরিষেবা পেতে থাকতে আপনার **10 দিনের মধ্যে** NOD ফেরত পাঠানো আবশ্যিক (NOD-তে নির্দেশাবলী দেওয়া আছে)। বিচারক NOD বলে রায় দিলে আপনাকে NOD ইস্যু করার পরবর্তী সময়ে আপনার পাওয়া পরিষেবার জন্য অর্থপ্রদান করতে হতে পারে।

সিদ্ধান্তের বিজ্ঞপ্তিতে আপনার ন্যায্য শুনানির অধিকার সম্পর্কে আরও তথ্য দেওয়া রয়েছে। একটি ন্যায্য শুনানি কীভাবে দায়ের করতে হবে তার সম্পর্কে এখানে আরও জানুন <https://otda.ny.gov/hearings/request/>

\*\* আপনি তালিকাভুক্ত ওয়েবসাইটগুলির থেকে আরও তথ্য পেতে চাইলে এবং তার জন্য আপনার সাহায্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে তা আপনার কেয়ার ম্যানেজারকে জানান এবং তারা আপনার জন্য তথ্য মুদ্রিত করে দেবেন।

শিশুদের ছাড় সম্পর্কে আরও তথ্যের জন্য এখানে যান:

[https://www.health.ny.gov/health\\_care/medicaid/redesign/behavioral\\_health/children/info.htm](https://www.health.ny.gov/health_care/medicaid/redesign/behavioral_health/children/info.htm)